দৈনিক খবর

তারিখ 25 JUN 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

10

# শিক্ষামন্ত্রীর সাথে কলেজ শিক্ষক প্রতিনিধিদল দেখা করেছেন

বাসস জানায়, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল গতকাল বুধবার শিক্ষামন্ত্রী জমিরুদ্দীন সরকারের সাথে তাঁর কার্যালয়ে দেখা করেন।

সমিতির নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীকে সরকারী কলেজ শিক্ষকদের বিভিন্ন সমস্যার কথা অবহিত করেন এবং বিপুলসংখ্যক শিক্ষকের পদোন্নতির ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করায় সরকারের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

শিক্ষামন্ত্রী ধৈর্যের সাথে শিক্ষক নেতৃবৃন্দের সমস্যার কথা শোনেন এবং তা সমাধানের ব্যাপারে প্রতিশ্রুতি দেন তবে তিনি বলেন, ক্রমান্বয়ে এসব সমস্যার সমাধান করা হবে।

প্রতিনিধি দলে সমিতির সভাপতি মোজাফফর হোসেন এবং সাধারণ সম্পাদক হাসানুল বারীসহ এম এ কুদ্দুস, আনিসুর রহমান, খলিলুর রহমান এবং রউফ উপস্থিত ছিলেন।